# পার্সোনাল ব্র্যান্ডিং থেকে হালাল ইনকাম



# সূচিপত্র


| ক্রঃ নং | ভূমিকা ও লেখকের কথা | 5-9 |
|---|---|---|
| ০১ | পার্সোনাল ব্র্যান্ডিং কী এবং কেন জরুরি? | 10-13 |
| ০২ | নিজেকে চেনো — আইডেন্টিটি আবিষ্কার | 14-18 |
| ০৩ | পার্সোনাল ব্র্যান্ড থেকে আয়ের ৭টি সিস্টেম | 19-24 |
| ০৪ | টার্গেট অডিয়েন্স ও নিশ নির্ধারণ | 25-30 |
| ০৫ | ব্র্যান্ড ভয়েস ও ভিজ্যুয়াল আইডেন্টিটি | 31-35 |
| ০৬ | কন্টেন্ট স্ট্র্যাটেজি — কী লিখবো, কোথায় লিখবো? | 36-41 |
| ০৭ | সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম মাস্টারি | 42-46 |
| ০৮ | নেটওয়ার্কিং ও কমিউনিটি বিল্ডিং | 47-52 |
| ০৯ | কোর্স ও ডিজিটাল প্রোডাক্ট তৈরি | 53-59 |
| ১০ | ফ্রিল্যান্সিং ও কনসালটিং | 60-62 |
| ১১ | স্পনসরশিপ ও ব্র্যান্ড ডিল | 63-67 |
| ১২ | অ্যাফিলিয়েট মার্কেটিং | 68-70 |
| ১৩ | পেইড কমিউনিটি ও মেম্বারশিপ | 71-78 |

| | | |
|---|---|---|
| ১৪ | পাবলিক স্পিকিং ও ইভেন্ট | 79-84 |
| ১৫ | ওয়েবসাইট ও SEO দিয়ে ব্র্যান্ড গড়া | 85-89 |
| ১৬ | ব্র্যান্ড স্কেলিং — ৬ মাস থেকে ৩ বছরের রোডম্যাপ | 90-94 |
| ১৭ | সফল ব্র্যান্ডদের কেস স্টাডি | 95-100 |
| ১৮ | সাধারণ ভুল ও সমাধান | 101-106 |
| ১৯ | হালাল ডিজিটাল পণ্য ও সেবা বিক্রি | 107-112 |
| ২০ | ব্র্যান্ড স্কেলিং — একা থেকে টিমে | 113-118 |
| ২১ | প্রয়োজনীয় টুলস ও রিসোর্স গাইড | 119-123 |

# অধ্যায় ১ পার্সোনাল ব্র্যান্ডিং কী এবং কেন জরুরি?

## ব্র্যান্ড মানে শুধু লোগো নয়

অনেকেই মনে করেন ব্র্যান্ড মানে একটা সুন্দর লোগো, বা একটা ফ্যান্সি ওয়েবসাইট। কিন্তু আসলে ব্র্যান্ড হলো — মানুষ আপনার সম্পর্কে কী ভাবে।

**সহজ ভাষায় বললে — পার্সোনাল ব্র্যান্ডিং মানে হলো:**

- আপনি কে — আপনার পরিচয়, মূল্যবোধ, এবং বিশেষত্ব
- আপনি কী জানেন — আপনার দক্ষতা এবং অভিজ্ঞতা
- আপনি মানুষের কী উপকার করতে পারেন
- মানুষ আপনাকে কীভাবে চেনে এবং মনে রাখে

## কেন পার্সোনাল ব্র্যান্ডিং এখন সবচেয়ে জরুরি?

| তথ্য / পরিসংখ্যান | গুরুত্ব |
|---|---|
| বিশ্বে ইন্টারনেট ব্যবহারকারী এখন ৫.৪ বিলিয়নেরও বেশি | প্রতিযোগিতা বেশি, কিন্তু সুযোগও বিশাল |
| ৭৭% নিয়োগকর্তা প্রার্থীর সোশ্যাল মিডিয়া চেক করেন | আপনার অনলাইন পরিচয় এখন CV-র চেয়েও গুরুত্বপূর্ণ |
| ক্রিয়েটর ইকোনমির আকার এখন | কন্টেন্ট দিয়ে আয় করা এখন |

| | |
|---|---|
| $১০০ বিলিয়নেরও বেশি | বাস্তব সুযোগ |
| বাংলাদেশে ফ্রিল্যান্সার সংখ্যা ৬ লক্ষেরও বেশি | দেশেই রয়েছে বিশাল সম্ভাবনা |

**পার্সোনাল ব্র্যান্ড না থাকলে কী হয়?**

পার্সোনাল ব্র্যান্ড না থাকলে আপনি হলেন অনেকের মধ্যে একজন। মানুষ আপনাকে আলাদাভাবে চেনে না, মনে রাখে না। তখন আপনাকে সবার সাথে প্রতিযোগিতায় নামতে হয় — এবং সেই প্রতিযোগিতায় আপনার দাম কম থাকে, পরিচিতি কমে যায়।

কিন্তু একটা শক্তিশালী পার্সোনাল ব্র্যান্ড থাকলে — মানুষ নিজে থেকে আপনার কাছে আসে। আপনি বেশি দামে সার্ভিস দিতে পারবেন। আপনার কথা মানুষ শোনে, বিশ্বাস করে, শেয়ার করে

> � মূল কথা: পার্সোনাল ব্র্যান্ডিং হলো আজকের ডিজিটাল যুগের সবচেয়ে শক্তিশালী বিনিয়োগ। একবার গড়ে উঠলে এটি আপনার হয়ে কাজ করতে থাকে — ঘুমের মধ্যেও।

## ✔হালাল ইনকাম কর্নার — পার্সোনাল ব্র্যান্ড ও হালাল পরিচিতি

পার্সোনাল ব্র্যান্ড গড়ার প্রথম ধাপেই হালাল নিয়ত নিশ্চিত করুন। আপনি যখন নিজেকে ব্র্যান্ড হিসেবে তুলে ধরছেন, তখন আপনার পরিচিতি, বিশেষত্ব ও মূল্যবোধ সম্পূর্ণ সত্যের উপর ভিত্তি করুন। মিথ্যা দাবি বা অতিরিক্ত প্রশংসা করে নিজেকে উপস্থাপন করা ইসলামে নিষিদ্ধ। একজন মুসলিম হিসেবে আপনার ব্র্যান্ড হবে আপনার চরিত্রের প্রতিফলন —

যেমন ছিলেন আমাদের আদর্শ ব্যবসায়ী নবী মুহাম্মদ (সা.), যাকে মানুষ "আল-আমিন" (বিশ্বস্ত) বলে চিনত। হালাল ইনকামের পথ শুরু হয় সৎ পরিচয় থেকে।



## টিপু সুলতান

### টিপু সুলতান — ফুচকাওয়ালা থেকে ব্র্যান্ড

YouTube Link Facebook Link

### ছোট ব্যবসাকে বড় ব্র্যান্ডে রূপান্তরের উদাহরণ

টিপু সুলতান পুরান ঢাকার একজন পরিচিত ফুচকা বিক্রেতা। তিনি সুস্বাদু ফুচকা বিক্রির পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমে মজাদার ভিডিও ও কন্টেন্ট তৈরি করে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছেন। ছোট একটি ফুচকার ব্যবসা থেকে তিনি ধীরে ধীরে নিজেকে একটি শক্তিশালী পার্সোনাল ব্র্যান্ডে পরিণত করেছেন।

ফেসবুক, ইনস্টাগ্রাম ও বিভিন্ন শর্ট ভিডিও প্ল্যাটফর্মে তাঁর বিশাল অনুসারী রয়েছে। মানুষ তাঁর দৈনন্দিন জীবন, ব্যবসার অভিজ্ঞতা, মজার মুহূর্ত ও অনুপ্রেরণামূলক গল্পগুলো আগ্রহ নিয়ে দেখে। তাঁর সহজ-সরল উপস্থাপনা ও বাস্তব জীবনের সংগ্রামের গল্প মানুষকে অনেক বেশি আকৃষ্ট করে।

পার্সোনাল ব্র্যান্ডিংয়ের কারণে এখন তিনি শুধু রাস্তার দোকানেই সীমাবদ্ধ নন। বড় ইভেন্ট, বিয়ে, কর্পোরেট প্রোগ্রাম, মেলা ও বিশেষ

অনুষ্ঠানে তাঁকে ফুচকা স্টলের জন্য আমন্ত্রণ জানানো হয়। পাশাপাশি ভাইরাল কন্টেন্টের মাধ্যমে বিভিন্ন ব্র্যান্ড তাঁর সাথে স্পনসরশিপ ও প্রমোশনাল ভিডিও এর কাজ করছে। এভাবে তিনি ফুচকা ব্যবসার পাশাপাশি সোশ্যাল মিডিয়া থেকেও হালালভাবে উপার্জন করছেন। শুধু তাই নয় বড় বড় কর্পোরেট ইভেন্টের মাধ্যমে লাখ লাখ টাকার ফুচকা সেলস করতেছে । শুধুমাত্র পার্সোনাল ব্র্যান্ডিং এর মাধ্যমে।

> ? শিক্ষা: টিপু সুলতান প্রমাণ করেছেন — ছোট যেকোনো ব্যবসাকেও সঠিক মার্কেটিং, ধারাবাহিক কন্টেন্ট ও পার্সোনাল ব্র্যান্ডিংয়ের মাধ্যমে বড় পর্যায়ে নিয়ে যাওয়া সম্ভব।

# উপার্জন
## করুন
# হালাল উপায়ে



# সূচিপত্র


| নং | বিষয় | পেজ |
|---|---|---|
| ০১ | কনটেন্ট ক্রিয়েশন | 8-12 |
| ০২ | কনটেন্ট আইডিয়া | 13-15 |
| ০৩ | সিনেমাটোগ্রাফি / ভিডিওগ্রাফি | 17-19 |
| ০৪ | স্ক্রিপ্ট রাইটিং | 20-23 |
| ০৫ | ভয়েস ওভার | 24-27 |
| ০৬ | ভিডিও এডিটিং | 28-30 |
| ০৭ | গ্রাফিক্স ডিজাইন | 30-33 |
| ০৮ | মডেলিং | 34-39 |
| ০৯ | ডিজিটাল টিউশন | 40-43 |
| ১০ | কল সেন্টার সার্ভিস | 44-47 |
| ১১ | সেলস | 47-50 |
| ১২ | AI Automation | 51-54 |
| ১৩ | ল্যান্ডিং পেজ/ ওয়েবসাইট | 56-59 |
| ১৪ | ডিজিটাল প্রোডাক্ট বিজনেস | 60-63 |
| ১৫ | এজেন্সি বিজনেস | 64-68 |
| ১৬ | সোসাল মিডিয়া ম্যানেজমেন্ট | 68-70 |
| ১৭ | Affiliate Marketing | 71-73 |
| ১৮ | প্রেজেন্টেশন ডিজাইন | 74-75 |

| | | |
|---|---|---|
| ১৯ | CV/ Resume তৈরি | 76-77 |
| ২০ | বুক/ই-বুক ফরম্যাটিং | 77-79 |
| ২১ | ডিজিটাল ক্লাস মাল্টিমিডিয়া | 81-82 |
| ২২ | ডাটা এন্ট্রি | 83-84 |
| ২৩ | নেটওয়ার্কিং ও ডিলভিত্তিক আয় | 85-86 |
| ২৪ | ফেসবুক এডস এক্সপার্ট | 87-89 |
| ২৫ | ইমেইল মার্কেটিং | 90-91 |

# অধ্যায় ০৫ ভয়েস ওভার আর্টিস্ট

## শুধু আপনার কণ্ঠই আপনার শক্তি

অনেক সময় আপনি ভিডিও দেখার সময় শুনেন — কেউ সুন্দরভাবে কথা বলছে, গল্প বলছে, কোনো বিষয় বুঝিয়ে দিচ্ছে, কিন্তু তাকে দেখা যাচ্ছে না। এই কণ্ঠের কাজটাকেই বলা হয় ভয়েস ওভার (Voice Over)। যে ব্যক্তি এই কাজটি করে তাকে বলা হয় ভয়েস আর্টিস্ট।

বড় বড় ব্র্যান্ডের বিজ্ঞাপনে শেষের দিকে ২/৩ লাইন সুন্দর কণ্ঠ দিয়ে ভয়েস দেওয়া হয়। বড় বড় ব্র্যান্ড ভয়েসের জন্য ৫,০০০ থেকে ৫০,০০০ টাকা বা এরও বেশি পরিমাণে পেমেন্ট করে। সোশ্যাল মিডিয়াতেও বিশাল পরিমাণে কাজ আছে।

| জনপ্রিয় নিশ | দরকারি স্কিল |
|---|---|
| ইসলামিক গল্প ও বয়ান | পরিষ্কার উচ্চারণ |
| শিক্ষামূলক কনটেন্ট | সুন্দরভাবে কথা বলা |
| YouTube ডকুমেন্টারি | সঠিক টোন ও গতি |
| মোটিভেশনাল ভিডিও | আবেগ (Emotion) প্রকাশ করা |
| বিজ্ঞাপন ভয়েস | স্ক্রিপ্ট বুঝে বলা |
| শিশুদের গল্প | ধীরে ও স্পষ্টভাবে বলা |

| ছোট ভিডিও | বড় ব্র্যান্ড | আন্তর্জাতিক |
| --- | --- | --- |
| ৫০০ - ২,০০০ টাকা / ভিডিও | ৫,০০০ - ৫০,০০০ টাকা | Freelance $10 -$100+ |

## ভয়েস ওভার কীভাবে শিখবেন?

আপনার কণ্ঠ খারাপ থাকলেও প্র্যাকটিসের মাধ্যমে ভয়েস সুন্দর করতে পারবেন। প্রথমে অক্ষরগুলো সুন্দর করে বলা শিখুন, তারপর একটা একটা শব্দ, তারপর স্ক্রিপ্ট দিয়ে পুরো একটা ভয়েস রেকর্ড করুন। রেকর্ড শুনে ভুলগুলো নিয়ে আবার শুরু করুন।

| | |
| --- | --- |
| Step 1 | নিশ নির্বাচন করুন — ইসলামিক, শিক্ষা বা বিজ্ঞাপন ভয়েস |
| Step 2 | হাতের ফোন দিয়ে শান্ত ঘরে ভয়েস রেকর্ড করুন |
| Step 3 | Audacity বা Adobe Podcast দিয়ে ফ্রিতে নয়েজ রিমুভ করুন |
| Step 4 | Facebook ভয়েস আর্টিস্ট গ্রুপে পোর্টফোলিও পোস্ট করুন |

## ৩০ দিনে শুরু করার Roadmap ভয়েস ওভার

| | |
|---|---|
| Day 1-3 | নিশ নির্বাচন, প্রতিদিন জোরে জোরে পড়া শুরু করুন |
| Day 4-7 | ভয়েস প্র্যাকটিস — অক্ষর, শব্দ, তারপর বাক্য |
| Day 8-10 | রেকর্ডিং ও নয়েজ ক্লিন করা শেখা |
| Day 11-15 | ১০টি স্ক্রিপ্ট রেকর্ড করুন |
| Day 16-20 | নিজের রেকর্ড শুনে ভুল ধরুন ও ঠিক করুন |
| Day 21-30 | গ্রুপে পোস্ট করুন, কাজ খুঁজুন |

**ফ্রিতে ভয়েস ওভার শিখুন, ক্লিক করুন:**

ভিডিও ১: https://youtu.be/Z00R_scq6PY

YouTube Channel:
https://www.youtube.com/@CraftInstitute99/videos

ভিডিও ২: https://youtu.be/xQkkCaX87bg

ভিডিও ৩: https://youtu.be/Zninn23eM-c

ভিডিও ৪: https://youtu.be/jeZvwE2TXug

ভিডিও ৫: https://youtu.be/Q1JUppqUC2s

*বি.দ্র.: লিংক কাজ না করলে YouTube/Facebook-এ বিষয়ের নাম লিখে সার্চ করুন।*

**যাদের দেখে শিখবেন ও ভয়েস আর্টিস্ট গ্রুপ:**

**দেখে শিখুন (১):**
https://www.facebook.com/raphikujjamanasumana/

**দেখে শিখুন (২):**
https://www.facebook.com/tahsinHrahi/

**ভয়েস আর্টিস্ট গ্রুপ ১:**
https://www.facebook.com/groups/2025987480978126

**ভয়েস আর্টিস্ট গ্রুপ ২:**
https://www.facebook.com/groups/228131139721475

*বি.দ্র.: লিংক কাজ না করলে YouTube/Facebook-এ বিষয়ের নাম লিখে সার্চ করুন।*

*বি.দ্র.: YouTube-এ "ভয়েস ওভার আর্টিস্ট" লিখে সার্চ করলে হাজার হাজার ভিডিও পাবেন।*